গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগমারা, রাজশাহী।
www.bagmara.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১১২.০০০.০৯.০০১.২২-২৯২

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

## রাজশাহী জেলাধীন বাগমারা উপজেলার ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল/খাসপুকুর সমূহের ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/নিবন্ধনকৃত মৎস্য চাষে সম্পৃক্ত সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ইজারার জন্য সকল আবেদন অনলাইনে গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ মোতাবেক ২০ (বিশ) একরের নীচে বাগমারা উপজেলাধীন ইজারাযোগ্য (অনুমোদিত তালিকায় বর্ণিত) সরকারি জলমহাল/খাসপুকুর বাংলা ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। আগামী ১০ ফাল্গুন থেকে ১৫ ফাল্গুন (২৩/০২/২০২২ থেকে ২৮/০২/২০২২ খ্রি.) পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে জলমহাল ইজারার জন্য আবেদন করতে হবে (এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে)। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি, জামানত বাবদ ২০% হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূল কপি ও আবেদন ফি বাবদ প্রদত্ত ৫০০/- (পাঁচশত) টাকার বিডি/পে-অর্ডারের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে ১৬ ফাল্গুন থেকে পরবর্তী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর (অফিস চলাকালীন সময়) কার্যালয়ে দাখিল করতে হবে। ভুল/মিথ্যা তথ্য সম্বলিত এবং অসম্পূর্ন আবেদন বিবেচনাযোগ্য নয়। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ ও ভূমি মন্ত্রণালয় থেকে অনলাইনে ইজারা প্রদান বিষয়ে সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে ইজারা কার্যক্রম পরিচালিত হবে এবং এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি) বাগমারা, রাজশাহী'র কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে দেখা ও জানা যাবে।

প্রকাশ থাকে যে অনুমোদিত তালিকায় ইজারাযোগ্য জলমহাল সংযোজন বা বিয়োজন হতে পারে।

শর্তাবলীঃ

০১। জলমহাল/খাস পুকুরসমূহ বাংলা ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ইজারা দেওয়া হবে।

০২। সমিতি/সংগঠনের জন্য রেজিস্ট্রেশন নম্বর ও তারিখসহ রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের হালনাগাদ প্রত্যয়নপত্র, প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তার প্রত্যয়নপত্র ও সমিতির নিকট সরকারি পাওনা এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা নেই মর্মে জেলা প্রশাসন রাজশাহী কর্তৃক প্রত্যয়ন, পত্র অনলাইনে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৩। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা, মাছ চাষ, পেলে নিজেরাই তা পরিচালনা করবেন এমন অংগীকারনামা অনলাইনে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। সমিতি/সংগঠনের গণতন্ত্র, নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম, ঠিকানা ও ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদের সত্যায়িত কপি, সমিতির সভার কার্যবিবরণী, সদস্যদের নামের তালিকা, ছবি, ঠিকানা ও জাতীয় পরিচয়পত্র এবং নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানাসহ), জলমহালে মৎস্য চাষে সুষ্ঠু পরিকল্পনা/রূপরেখা, হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, হাল সন পর্যন্ত অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) ও টিআইএন নম্বর (যদি থাকে) সংযুক্ত করতে হবে (অনলাইনে প্রদত্ত ফরম্যাট অনুযায়ী)।

০৫। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ অনুযায়ী জামানত হিসাবে ইজারা মূল্যের ২০% হিসেবে প্রদত্ত টাকার বিডি/পে-অর্ডার ও আবেদন ফি বাবদ সোনালী ব্যাংক অথবা যে কোন তফশীল ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার বরাবর ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট অর্ডার অথবা অনলাইনে সমপরিমাণ অর্থ-পে/(অফেরতযোগ্য) জমা দিয়ে জমা স্লিপের কপি আবেদনের প্রিন্টেড কপির সংগে সংযুক্ত করে দাখিল করতে হবে। তবে অনলাইনে আবেদন ফি পরিশোধের ব্যবস্থাপনা থাকলে ব্যাংক ড্রাফট অর্ডার করার প্রয়োজন নেই।

০৬। আবেদনপত্রে সমিতির সভাপতি/সাধারণ সম্পদকদের ছবিসহ এনআইডি নম্বর ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।(অনলাইনে প্রদত্ত ফরম্যাট অনুযায়ী)

০৭। দাখিলকৃত দর অনুমোদিত হলে বিধি মোতাবেক ইজারা মূল্য, ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট, ১০% আইকর জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৮। সীলমোহরকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে

নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৯। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

১০। প্রতিটি পুকুরের জন্য আলাদা আলাদাভাবে আবেদন করতে হবে।

১১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ এর যাবতীয় শর্তাবলী এবং অনলাইনে প্রদত্ত চাহিত তথ্যাদি অনুযায়ী কাগজপত্র দাখিল করতে হবে।

১২। কর্তৃপক্ষের অনুমতি ব্যাতিরেখে কোনভাবেই পুকুরের আকার পরিবর্তন/পরিবর্ধন/পুকুরপাড়ে অবস্থিত গাছ কর্তন কিংবা পুকুরের পানি অপসারণ কারা যাবে না।

১৩। বাংলা ১৪২৯ হতে ১৪৩১ সন পর্যন্ত ইজারযোগ্য অনুমোদিত পুকুরের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ের নোটিশ বোর্ডে অফিস চলাকালীন সময়ে দেখা ও জানা যাবে।

১৪। পুকুরের বাস্তব অবস্থা সরেজমিনে দেখে আবেদনপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে কোন ওজর/আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৫। জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ এর শর্ত মোতাবেক কোন সমিতি ০২(দুই) টির বেশি পুকুর ইজারা গ্রহণ করতে পারবে না। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইজারার সমুদয় টাকা বাজেয়াপ্ত হবে।

১৬। ইজারা বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত কোন পুকুরের মালিকানা জটিলতা থাকলে কিংবা আদালতের কোন নিষেধাজ্ঞা থাকলে কর্তৃপক্ষ ইজারা কার্যক্রম বাতিলস্থগিত করতে পারবেন অথবা আদালতের আদেশের পরিপ্রেক্ষিতে সিদ্ধান্ত নিতে পারবেন।

১৭। ইজারাকৃত পুকুরের মা মাছ নিধন করা যাবে না।

১৮। ইজারা দেওয়া কোন পুকুর ভুলক্রমে তালিকায় অর্ন্তুক্ত হলে তা বাদ যাবে।

১৯। পুকুর খনন/সংস্কার কাজ চলমান পুকুরের ইজারা বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২০। ইজারাকৃত পুকুর অন্য কারো নিকট সাব-লীজ বা অন্য কোনভাবে মাছ চাষের জন্য হস্তান্তর করা যাবে না।

২১। জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ এর শর্ত, অনলাইনে আবেদন গ্রহণ সংক্রান্ত জারীকৃত প্রজ্ঞাপনের শর্ত ও জলমহাল ইজারা সংক্রান্ত শর্ত যা এখানে উল্লিখিত হয় নাই তাহাও এই ইজারার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২২। কোন কারন দর্শানো ছাড়াই যে কোন আবেদনপত্র অথবা সকল আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


২০.২.২২

(মো: ফারুক সুফিয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
বাগমারা, রাজশাহী।
ফোন নং- ০২৫৮৮৮৬৯৫০১
email: unobagmara@mopa.gov.bd


20/02/22

স্মারক নং-০৫.৪৩.৮১১২.০০০.০৯.০০১.২২-

০৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
তারিখঃ ২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

<u>সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

১। মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪ (বাগমারা) ও উপদেষ্টা-১, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগমারা, রাজশাহী।
২। জেলা প্রশাসক, রাজশাহী।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা-২, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগমারা, রাজশাহী।
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী।
৬। মেয়র, তাহেরপুর/ভবানীগঞ্জ পৌরসভা, বাগমারা, রাজশাহী।

<u>অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

৭। সহকারী কমিশনার (ভূমি), বাগমারা, রাজশাহী।

৮। উপজেলা.................................................................................কর্মকর্তা, বাগমারা, রাজশাহী।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। [বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য নোটিশ বোর্ড ও জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১০। চেয়ারম্যান ............................................ ইউ,পি (সকল) বাগমারা, রাজশাহী। [তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নাধীন হাট-বাজার সমূহে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।]
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................................ ইউনিয়ন ভূমি অফিস, বাগমারা, রাজশাহী। [তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর তহশিলের আওতাধীন হাট-বাজার সমূহে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারান্তে জারীর কপি দরপত্র দাখিলের পূর্বেই নিম্নস্বাক্ষরকারীর অফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।]
১২। সম্পাদক দৈনিক সানশাইন ও দৈনিক উত্তরা প্রতিদিন কে উল্লিখিত বিজ্ঞপ্তিটি ২২/০২/২০২২ খি. তারিখে পত্রিকার ভিতরের পাতায় ১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০১ এক কপি এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৩। সভাপতি/সম্পাদক............................................................মৎস্যজীবি সমবায় সমিতি, বাগমারা, রাজশাহী।
১৪। নোটিশ বোর্ড (সকল), বাগমারা, রাজশাহী।

!!
(মো: ফারুক সুফিয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
বাগমারা, রাজশাহী।